ভোট কেন্দ্রের বাইরে কর্মী সমর্থকদের ভীড়, কেন্দ্রের ভিতরে ভোটার শুন্য

ভোট কেন্দ্রের বাইরে কর্মী সমর্থকদের ভীড়, ভোট কেন্দ্রের ভিতরে ভোটার শুণ্য। উপজেলা নির্বাচন, আয়োজনের কমতি নেই, শুধু কেন্দ্রে ভোটার উপস্থিতি কম।

সকাল নয়টা, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ভোটকেন্দ্রে ভোটারের দেখা নেই। পুরো কেন্দ্র ফাঁকা। বুথে প্রার্থীর এজেন্ট আছেন, পোলিং অফিসার ও প্রিজাইডিং অফিসার আছে। বাইরে পুলিশ ও আনসার সদস্যরা অলস সময় পার করছেন।
উপজেলা পরিষদ নির্বাচনে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের ভোট কেন্দ্রে আজ সকালের চিত্র এটি।

প্রিসাইডিং কর্মকর্তা রাসেল মোস্তাফিজ বলেন, ” কেন্দ্রে ভোটারদের উপস্থিতি দেখা যাবে ভেবেছিলাম। কিন্তু তা হয়নি।’

তবে, কিছুক্ষণ পরেই ভোট দিতে আসেন, প্রার্থী মোখলেছুর রহমান মুকুল, সাবেক এমপি মকবুল হোসেন ও সাবেক মেয়র আশরাফুল ইসলাম।

এ কেন্দ্রটি ঝুঁকিপূর্ণ হওয়ায় নিরাপত্তার দায়িত্বে আছেন ১৭ জন আনসার ও ৪ জন পুলিশ সদস্য। সব চেয়ারম্যান প্রার্থীর এজেন্টকে দেখা গেছে।

গোপালনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় সকাল আটটায় ভোট শুরু হয়ে প্রথম দুই ঘণ্টায় এই কেন্দ্রে ভোট পড়েছে ৭০টি। এখানে মোট ভোটার ২৪৬৩। দুই ঘন্টায় ২.৮৪২ শতাংশ ভোট পড়েছে এখানে। বেলা ১২ টার দিকে সাহারবাটি মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে দেখা গেছে ১০০ ভোট পোল হয়েছে। এখানে মোট ভোটার সংখ্যা ২৫৯৯। চার ঘন্টায় এখানে ভোট পোল হয়েছে ৪ শতাংশ। একই সময়ে সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ৩১৬৮ ভোটারের মধ্যে ভোট প্রদান করেছেন ১০৬ জন। যার শতকরা হার ৩.৩৪ শতাংশ। বেলা ১১ টার সময় নওপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে পোল হয়েছে
২৪৭। এখানে মোট ভোটার সংখ্যা ৩২১৬।

সকাল ১২ টার সময় হিজলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে পোল হয়েছে ৬৫ ভোট। এখানে ভোটার সংখ্যা ১৯৬০। বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১১ টার সময় ভোট পোল হয়েছে ১০৪। যেখানে ভোট সংখ্যা ২৬৬৭। করমদি মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১২ টার সময় পোল হয়েছে মাত্র ৪৭ ভোট। এখানে মোট ভোটার সংখ্যা ২০৪৪। বাঁশবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১০ টার সময় ভোট পড়েছে মাত্র ৪৫। এই কেন্দ্রে ভোটার সংখ্যা ২৩৮৮। গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১১ টার সময় ভোট পোল হয়েছে মাত্র ৫২। যেখানে ভোটার রয়েছে ৫২। করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে বেলা ১২ টার সময় ভোট পড়েছে ৩২। কুতুবপুর স্কুল এন্ড কলেজ ভোট

বেলা দেড়টার সময় ভোট পোল হয়েছে ২৫০। যেখানে ভোটার রয়েছে ১৮৬৭। বেলা ১২ টার সময় কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে একই সময় ভোট পোল হয়েছে ৪৩৩। এখানে ভোটার সংখ্যা ১৯৫১।

সরেজমিনে ভোটকেন্দ্রগুলোতে গিয়ে দেখা যায়, ভোটারের উপস্থিতি খুবই কম। পোলিং এজেন্টসহ অন্যরা অলস সময় পার করছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের তৎপরতা নেই।

তবে, গাংনী উপজেলা নির্বাচন অফিসার কামরুল হাসান জানান, বেলা দুইটা পর্যন্ত শতকরা ২১ শতাংশ ভোট পড়েছে।